SUVOM

পাঞ্জেরী
পাঞ্জেরী কমিকস

# বাবু ৪

MOUSUMI



শাহরিয়ার

banglapdf.net

SUVOM

MOUSUMI

www.panjeree.com

বয়স
১০+

বাবু! বাবু কে?

বাবু ঢাকার ছেলে। কলেজে সেকেন্ড ইয়ারে পড়ে। বাবা আমলা। বাবু খায়দায়, নিশ্চিন্তে ঘুরে বেড়ায় আর উদ্ভট কাজ-কারবার করে বেড়ায়।

শাহরিয়ার প্রথম 'বাবু' এঁকেছিলেন ১৯৮৩ সালে। ১৯৮৫ সালে "অর্বাচীন" নামক এক পত্রিকায় প্রথম প্রকাশ। তবে 'বাবু' নিয়মিত সাপ্তাহিকভাবে প্রকাশিত হতে শুরু করে The Daily Star পত্রিকার Back Page বা Inner sleeve-এ এবং ওই পত্রিকার সাপ্তাহিক ম্যাগাজিন Rising Stars এর পাতায় ১৯৯৭ সাল থেকে। মাঝে কয়েক বছর বন্ধ থেকে ২০০৬ সাল থেকে এখন পর্যন্ত সেখানে নিয়মিত 'বাবু' প্রকাশিত হচ্ছে।

শাহরিয়ার খান The Daily Star এর কার্টুনিস্ট ও ডেপুটি এডিটর।



পাঞ্জেরী পাবলিকেশন্স লি.

9847003802382

BANGLAPDF.NET

পাঞ্জেরী পাবলিকেশন্স লি.
৪৩ শিল্পাচার্য জয়নুল আবেদিন সড়ক
(পুরাতন ১৬ শান্তিনগর), ঢাকা ১২১৭
শো-রুম: ৩৮/২-ক (২য় তলা)
বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন : ৯৩৩৫৮২৬, ৮৩৬০০০৭
ফ্যাক্স : ৮৮-০২-৮৩১৮৫২৬
ই-মেইল : info@panjeree.com
ওয়েব : www.panjeree.com

**Babu 4**
A Comic Strip by **Sharier Khan**
First published in February 2010
by Panjeree Publications Ltd
43 Shilpacharya Zainul Abedin Sarak
(Old 16 Shantinagar), Dhaka 1217

**প্রচ্ছদ**
শাহরিয়ার খান

**প্রথম প্রকাশ**
ফেব্রুয়ারি ২০১০

**চতুর্থ সংস্করণ**
জানুয়ারি ২০১৪

**দ্বিতীয় মুদ্রণ**
সেপ্টেম্বর ২০১৪

**বিদেশে পরিবেশক**
শিশু সাহিত্য সংসদ (প্রা.) লি. কলকাতা, ভারত
সঙ্গীতা লিমিটেড, ২২ ব্রিক লেন, লন্ডন, যুক্তরাজ্য

**Copyright**
Sharier Khan

**মূল্য: ১০০ টাকা। (US$ 5.00)**

ISBN : 984-70038-0238-2

# বাঁচতে হলে জানতে হবে


বলছি তো, ড্রাকুলা বলে এখানে কিছু নেই। থাকলেই বা কী?
তাহলে তুই গিয়ে বলটা নিয়ে আয়।
আঃ এই তো আমাদের বল।
খ্যাএএ ইইই
ওঃ তুমি! খাও খাও! আমার রক্ত খাও, আমি এমনিতেই HIV-AIDS-ভাইরাসে আক্রান্ত!
!?!
কী? এইডস রোগী? বের হও! দূর হও!
না! না! না! তুমি আমাকে কামড়াবে না! বাঁচাও!!
হা হা হা হা ...

# পুরানো জিনিসের প্রদর্শনী



# সাহায্য বটে!



ভাইডি এট্টু সাহাইয্য করবেন!
... স্টার্ট লইতে পারতেছি না। এট্টু ঠেলা দিলে বড়ই উপকার হইত!
অবশ্যই!
এই!
এই!
আরে!!
চোর! চোর! আমার গাড়ি চুরি করে পালাচ্ছে!
?!

# ভাব প্রতিযোগিতা


আবে তুই আমার বিন্দুর বাড়ির সামনে কী করিস? ভাগ!
তোর বিন্দু? হাঃ তুই ভাগ!
পারলে ভাগা! আমি এক চুলও নড়ব না!
বিন্দু বেইবী, এই গাধা দুটো তোমার বাড়ির সামনে কেমন দাঁড়িয়ে দাঁড়িয়ে ঘুমাচ্ছে– দেখেছ?

# ভিনগ্রহী যোদ্ধা



আমরা এন্ড্রোমিডা থেকে আসা নৃশংস সুপার সায়ান প্রজাতি।
আমরা গ্রহ ধ্বংস করি! আমরা তারা খেয়ে ফেলি!
আমরা মঙ্গলের প্রাণ ধ্বংস করেছি!
আমরা এই সৌরজগতও ধ্বংস করে দিতে পারি!
... আর তুমি কিনা আমার স্পেস শিপ দেখে হাসছ?
ZIZYX starship
হাঃ হাঃ হাঃ
হাঃ হাঃ হাঃ

# বেশি বাসি



খপ!
আরে! আরে! আরে! ওটা খাসনে!
হা হা আমার বিনামূল্যের- চীজ কেক, আর তোর বিনামূল্যের- আহাজারি!
না! না! না!
হ্যাঁ (গাব গাব)! হ্যাঁ (গাব)! হ্যাঁ!
চীজ কেক? ওটা ফাংগাস-আক্রান্ত এক সপ্তাহ পুরানো স্যান্ডউইচ- যা আমি ফেলে দিচ্ছিলাম!
ওয়াক! ওয়াক!

# ঐতিহাসিক মুহূর্ত


ভিনগ্রহী স্পেস শিপ?! ইয়াহু! এ তো এক ঐতিহাসিক মুহূর্ত–
শুভেচ্ছা, পৃথিবীর প্রাণী। আমি তোমার সাহায্য চাই!
বল কি? আমার খ্যাতি তোমার গ্রহে পৌঁছে গেছে? কী সাহায্য চাও বন্ধু?
এই ঐতিহাসিক মুহূর্তে যে কোনো সাহায্য করতে আমি প্রস্তুত!
আরও জোরে... আরও জোরে ঠেলো.. আবে শক্তি নাই? ভাত খাস না..? হ্যাঁ হ্যাঁ, আমার কয়লার ইঞ্জিন চালু হয়ে যাচ্ছে!
আমি একটা বেকুব!

# উঁচু স্তরের চায়ের দোকান



# চিত্র সমালোচক



আজিম ভাই, ভালো আর্ট কীভাবে চিনতে হয়?
RY ART
GALLERY ART
GALLER
EXHIBITION
PORTRAITS BY ATEL AZIM OPEN NOW
EXHIBITION
PORTRAITS BY ATEL AZIM OPEN NOW
আর্ট হচ্ছে অনুভূতির বিষয়। যেমন এই ছবিটা কেমন লাগছে? বুড়িটার চামড়া কুঁচকে আছে– অনেক অভিজ্ঞতা আছে যা তাঁর মৃত্যুর সাথে শেষ হয়ে যাবে।
বাঃ
দেখি এই 'রাগী যুবকে'র ছবিটা কেমন বুঝি!
... যুবকটা নিজেকে নিয়ে বিক্ষুব্ধ... নিজের আবেগের জালে বন্দি!
বেশ শিখে গেছ!
এটা তো মাস্টার পিস... এটা দেখে মনে হচ্ছে...
একটা ভাব দেখানো ছেলে.. আসলে সে কিছুই জানে না– শুধু জানে সে বোকা। কিন্তু ভাব দেখায় সবজান্তা...
এহম... ওটা আয়না!
GENTS
?!!

# চেঁচানো কুকুর কামড়ায় না



# ফকফকা সমাধান



হিক্কা হচ্ছে? সহজ সমাধান। টিভিতে দেখেছি!
হিক! হিক!
হিক!
হিক.. তুই আমার শখের জামাটা নষ্ট করলি?
হিক!
হিক!
তাতে কি– এই ডিটারজেন্ট দিয়ে ধুলে সব ফকফকা হয়ে যাবে! হিক্কাটা চলে যাওয়াই হচ্ছে মূল কথা।
SUCK XL
হিক! হিক!
এটা দিয়ে সব সমাধান হবে, না? হিক।
হ্যাঁ, বাবা!
হিক!
ফটাস!
হিক।
হিক।
হিক।

# ভুলে যাওয়া


আরে শীখি দাঁড়াও। চলো আইসক্রিম খাই!
বাবু?
কত দিন তোমার সাথে আইসক্রিম খাই না।
হ্যাঁ.. গতকালের পর আর আমরা একসাথে খাইনি।
বলি তোমার হাতে ক্রিকেট বল কেন?
অ্যা? তাই তো। এটা আমার হাতে এল কোথেকে? এটা কি তোমার?
এদিকে– অদূরেই
ক্যাপ্টেন কই গেল?
আর কতক্ষণ অপেক্ষা করব?
ভিনগ্রহীরা ওকে নিয়ে গেছে।
আশ্চর্য! বাবু ওই ঝোপে বল কুড়াতে গিয়ে কই গেল?

# জাদুর চেরাগ




আরে! আরে!
অমন কাত করে রিকশা চালালে দুর্ঘটনা ঘটবেই।
আমি কাইত কইরা চালাই? কী যে কন!
আমি সোজাই আছি! বাকি সব ত্যারা!

# যা আছে দে


AZIMPUR STAND
যা আছে সব বাইর কর।
কম দিলে শেষ কইরা দিমু!
মারবেন না।
সব নেন!
আরও আছে...
IELTS



আয়! আমি স্পেশাল ট্রেনিং করে এসেছি। ব্যাটিং করে ফাটিয়ে দেব।
এক ব্যাটে ৬ না– ৬০০০ করে দেখাব!
ক টা স!
সা ই ই ই!
CRASH!
বুদুম!
নো বল!

# ১-মিনিটের সেলুন


ইইই
বুহা হা হা!
যত চেঁচাবি তত আঁমি খুঁশি বোঁধ কঁরি!
ভঁয় দেঁখানোতে ভিঁটামিন আঁছে!
থামো!
আমি তোমাকে অ-নে-ক মানুষদের ভয় দেখানোর সুযোগ করে দিতে পারি।
সঁত্যি বঁলছিস তো?
পরদিন
১-মিনিটের স্টাইলিং সেলুন
১-মিনিটে জেল-বিহীন চুল খাড়া করুন
দারুণ!
আহা!
IN
ওহ্!
বু হা হা!
হা হা ই ইই!
OUT
ইইই!

# ১টা নিলে ৪টা ফ্রি!



গ্রামের বাড়িতে বাবু গেছে বেড়াতে। পুকুরে মাছ আছে শুনে সে তো খুশিতে আটখানা!
সত্যিই তো, চাচাদের পুকুর ভরা মাছ!
এই কেঁচো দিয়ে একটা ধরলেই আমি খুশি!
বাঃ এত সহজেই...
ট্যাওও!
বাঃ দ্বিতীয় একটা ঠোকর!
ট্যাওও!
ছটাস!
কী হচ্ছে?
ছপ!
বড়শিটাই খেয়ে ফেলবে!
ছপাশ!
ইআআআআ!
একি? ১টা নিলে ৪টা ফ্রি?

# বিচারক টায়ার



ভ্রম!
expensive super store
STORE
BABU 07
বুদ্দুং!
সাঁই
উঃ... আর কখনও রাস্তায় হিসু করব না!
আঃ... ছিনতাই করব না!
দুম!
মা! না দেখে রাস্তা পার হব না!
... চলার অযোগ্য গাড়ি চালাব না!

# বোতলে তথ্য


ইস্! সেই জোরে জোরে কথা বলা ছেলেটা এসেছে।
সালাম!
শশশ!
বেশি শশশ!
তা না-হলে জরিমানা!
জ্বী স্যার
TALKING FEE
WITH LIBRARIAN - FREE
ANYONE ELSE - TK 10 PER MINUTE
বাডাম!
ধুচুং!
হাপ!
?
এটা কী?
?
উরি মা আ আ!
SILENCE IS GOLDEN

# ফাউল ক্রিকেট



এই যে তোমার রিমোট কন্ট্রোল ক্রিকেট বল... আমার জন্যে ফোন নাম্বার এনেছ তো?
ড. আলু, এই যে এক ডজন মেয়েদের ফোন নাম্বার– এদের ইচ্ছে মতো উড়ো ফোন করতে পারেন।
বন্ধুরা, আজ ম্যাচে পাইরেটদের শিক্ষা দেব। অতুল
তুই রিমোট চালাবি।
যখন আমি বোলিং করব, অতুল রিমোট দিয়ে বলটা নিয়ন্ত্রণ করবে।
... বাবুর অদ্ভুত বোলিংয়ে পর পর তিনটা উইকেট পড়েছে!
PIRATES-30/3
MADISONS-144/9
পাইরেট ক্যাপ্টেন তুহিন হাসি মুখে এসেছে!
বাবু কি তুহিনকে আউট করতে পারবে?
ছক্কা!
হি হি... আমিও ড. আলুকে চিনি!

# পিকনিক



নাঃ কিছুতেই আগুন ধরাতে পারছি না।
আগেই বলেছি এ কাজ শুধু আমার মতো প্রফেশনালরাই পারে!
GUN POWDER
OCTANE
প্রফেশনাল? দেখি কেমন?
OCTANE
GUN POWDER
ছুরুম!
হাঃ..! সব খাবার উড়িয়ে দিয়েছিস।
... জিজিক্স বলছি... পৃথিবী আক্রমণের পরিকল্পনা বাদ... ওরা আমাদের পালটা আক্রমণ করছে!

# বাবুর সলো কনসার্ট



রক
কনসার্ট
বাবু
রক কনসার্ট
বাবু
হিট গান: প্রেমে পড়ে
দাঁত ভেংগে ফেলেছি
প্রেমে পইড়ে দাঁহাত
ভেইংগে ফেইলছি!
সস্তা! সস্তা! সস্তা!
বিবিধ জিনিস বিক্রয়

# শিষবাজ!



BEAUTY PARLOU
ধুদুম!
আমাকে ছাড়া কাউকে তোমার শিষ দেওয়ার অধিকার নেই, বুঝলে?
অন্য মেয়েদের আমি শিষ দেই না তো!
হুম!
বাপ!
কিন্তু দলে দলে সুন্দরীরা আসছে। শিষ দিয়ে ওদের প্রশংসা না করলে বেচারারা মরে যাবে! নারী প্রজাতিকে রক্ষা করতে হবে!
?
পরে
... এবং আমার শক্তিও ক্ষয় হচ্ছে না!

# কুকুর প্রতিষেধক


শয়তানের দল, আজ তোদের খেলা খতম!
কেউ! কেউ!
ভৌঔঔঔ
ঘাউ!
আজ আমার আছে 'কুকুর প্রতিষেধক' যা ড. ডাটাকুলা তৈরি করেছে।
এখন যত খুশি চেঁচিয়ে নে।
DOG AVENGR DIGITAL HARRSON
এতে আছে শব্দ-সেন্সর যা তোদের ডাক শুনে ঠিক জায়গামতো এই জুতা-হারপুন ছুড়ে মারবে। এই দ্যাখ...!
POWER
ভেউউউ!
ঘ্যাক ঘ্যাক ঘ্যা!
উউউউঙ!
কাউউ!
THE HOWLERS
সাঁই!
কিচং!
স্যাৎ!
হা হা হা... দৌড় দে– ঘেউ ঘেউ না!
আমাদের নতুন কৌশল প্রয়োজন!

# পোকানাশক


বাবা, মা, আপু– এ হচ্ছে পোকানাশক ৫৮০০ বেটা– ডা: ডাটাকুলা-র আবিষ্কার। এটা পোকাদের তীক্ষ্ণ শব্দ শুনে নিধন করে।
BD
এটা পরিবেশবান্ধব। সৌরশক্তিতে চলে, কোনো কেমিক্যাল ব্যবহার না করে পোকা মারে তার দুই হাত ব্যবহার করে।
ভনন!
BD
ওই যে!
ছটাস!
কচাং!
পরে
আআ আআ
ঠাস!
তা হলে আমার মতো ওই পোকানাশকও আপুকে পোকা মনে করে, অ্যা?
বাড়াম!


?!
VOTE FOR THUG PA
"I'LL KILL YOU IF YOU DON'T"
কী চ্যাংড়া ছোঁড়া– অন্যদের মতো তুইও নিশ্চয় আমার পার্টিতে ভোট দিসনি? আয় তোকে শিক্ষা দেই!
অ্যাঁ
VOTE FOR THUG PARTY
KILL YOU IF YOU DON'T
১নং শিক্ষা : তুই আমার ফ্লাইং কিক থেকে রক্ষা পাবি না!
হাই-
আআ আআ আ
আআ আআ আ
বাপ রে! এ তো সত্যিই কুংফু মাস্টার!
.. এমন গুণ্ডা থেকে আমার রেহাই নেই!
KAP 420480

# মামদো দৌড় প্রতিযোগিতা



# ক্যামোফ্লেজ বাবু



কই গেল ছোঁড়াটা? এই মাত্র ওকে তোমার ঘরে দেখেছি। ওই চেংগু বাবুকে আমার অপছন্দ!
বাবা...!
ওই হাড্ডিসার আঁতেলটা একটা মিথ্যুক। ওকে তোমার বিশ্বাস করা ঠিক না।
বাবা তুমি ভুল বলছ।
SUPER DAD
বাবু সৎ ও মজার ছেলে, ও তোমাকে দারুণ মানুষ মনে করে।
ওসব ভুজুং ভাজুংয়ে কাজ হবে না। এই আমি এখানে বসছি। ওই চতুর, ধড়িবাজ, বেঁটে, বাচাল, উড়নচণ্ডী. গাধা, বেকুব...
.. স্ক্রু-ঢিলা শয়তান বাবুকে ধরতে পারলে ওর হাড্ডি কিলিয়ে আলাদা করে দেব...।
.. আমি আর থাকতে পারছি না!
?!?

# ফ্যাশন


ওই ছাগলা দাড়ি কাটো, চুল বড় করো... ওই ব্লাউজের মতো শার্টটা পালটে নর্মাল শার্ট পড়ো। প্যান্টটাও পালটাও...!
এগুলো জঘন্য ফ্যাশন!
হ্যাহ! তুমি ফ্যাশনের কী বোঝ, বাবা?
আশ্চর্য! ১৯৭৪ সালেও আমার বাবাকে ঠিক একই কথা আমি বলেছিলাম!
হ্যাহ!
LED ZEP
SHARIER

# মহাঔষধ হাসি


টেনিদা
নারায়ণ গঙ্গোপাধ্যায়
হাসির গল্প!
সাবধান কাজ চলছে
হি হি!
এই!
হা হা হা... প্যালারাম হাবুল সেনের ওপর পড়ে গেছে...
ক্যাঁ এ এ চ চ !
হা হা!
বুদুম!
আমার মহাঔষধ ওদের কাছে মহা উৎপাত...!
ফুরর! ফুরর!

# হিরো


এই মেয়ে আমি তোমায় ভালোবাসি!
বাঁচাও! বাঁচাও!
ঠাস!
ওই বিকৃতমনা শয়তানের হাত থেকে বাঁচানোর জন্যে ধন্যবাদ। এই আমার ফোন নাম্বার। ফোন করবেন!
এ কিছুই না!
ওঠ শয়তান!
এই নে ৫০ টাকা। কাল আবার এভাবে তুই ভয় দেখাবি।
তুই বেশি জোরে মেরেছিস!

# হিরো-২



গতকালের মতো তুই আজও একটা মেয়েকে ভয় দেখাবি, আমি তাকে উদ্ধার করে ফোন নাম্বার নেব।
ঠিক আছে!
হেই বেইবী!
আমি তোমাকে ভালোবাসি!
সত্যি?
তুমি আমাকে সত্যিই ভালোবাস?
ঠাস!
ওকে মারলে কেন?
তুই আমার প্রেমের কাঁটা!

# জাদুর চেরাগ



!
খস খস!
জ্বী হুজুর!
আমাকে প্রচুর টাকা দাও!
টক!
একি? এগুলো কেমন টাকা, চাইনিজ নাকি?
এগুলো প্রথম কাগজের টাকা। আমরা চাইনিজরা প্রথম কাগ...
বাডাম!
.. আগেই বোঝা উচিত ছিল... এই চেরাগটাও চীনে তৈরী!

# আবারও কুকুর...!



# আত্মহত্যা


আরে! আরে! থামুন!
থামিয়ো না। আমার বাবা-মা ডিভোর্স করেছে। পরীক্ষায় ফেল। গার্লফ্রেন্ড ভেগেছে। এ জীবনের কোনো অর্থ হয় না!
অর্থ হয় না? আমি পরীক্ষা করে দেখি?
???!
দৈ ভালো লাগে?
?
আরে?
ফটাশ!
থামো!
তবে রে অসংবেদনশীল শয়তান!
!!★!
দেখো এখন জীবনের কত অর্থ খুঁজে পাচ্ছ...!

# লেকে আনন্দ



ইয়াহু!
ঝুদুম!
সেকি! লেকের পানি দেখি দুর্গন্ধে ভরা আলকাতরায় পরিণত হয়েছে!
পরিবেশ-দূষণ আমাকে আনন্দ করা থেকে থামাতে পারবে না!
ইয়াহু! আলকাতরা-স্কেটিং করার মজাই অন্য রকম!
DO NOT SWIM

# জগিং



বাবু? এই বাবু,
জলদি শোন!
জলদি আমার
সাথে আয়!
এক্ষুনি!
কী ব্যাপার? কী
হয়েছে!
আহ্ আয়
তো!
বাবু আর নাকিব এক দৌড়ে
সারা বাংলাদেশ পার করল।
এবার বল,
ব্যাপার কী?
কিছুই না। একা
একা জগিং করতে
ভালো লাগছিল
না!

# ক্যারাটের রাজা


আমি শাওলিন টেম্পলে ২১ বছর প্রশিক্ষণ নিয়ে এসেছি। আয় দেখাই তোর হাড় কীভাবে ভাঙব।
তোর বয়সই ১৮!
এই ৫ টা কাঠের তক্তা এক কোপে দু টুকরা করব!
ফটাস!
হা হা হা... ভয়ে ভাগলি?
ওর ১০টা তক্তা
ফটাস!
গরর!
হাঃ
কে খাবি? এগুলো ভ্যানিলার স্বাদের ভাঙা ওয়েফার! দারুণ মজা!

# গোপন বাবু



আমার অনুপস্থিতিতে কে আমার ঘরে ঢোকে? পরিষ্কার করে?
PROG ROCK RULEZ
আমার রুম আমার রাজ্য। কেউ আমার রুমে ঢুকুক তা হবে না!
মহারাজ, আপনার ঘরের দুর্বল নিরাপত্তার সুযোগে আমরা ঢুকে ময়লা লুট করতে পছন্দ করি!
নিরাপত্তার দুর্বলতা? অ্যা?
এবার দেখি...
কিন্তু... ওর ঘর সাফ না করলে আমি মরে যাব।
করর
YOU ARE NOT WELCOME
ধপাস!

# আনপ্লাগ্‌ড বাবু



আমাদের দর্শক কমে যাচ্ছে, বাবু। একটা নতুন কিছু না করলে আরও কমে যাবে। কনসার্টে মানুষ খালি গান শুনতে আসে না!
HELL
কিন্তু তুই গতবারের মতো আমাকে তেলাপোকা খেতে বলবি না।
ওয়াক!
গিটার ভাঙার বুদ্ধিও বাদ!
ভাঙো! ভাঙো
ঘেচ্চুং!
বুদুম!
আমরা অভিনব কিছু করব। প্রাকৃতিক যন্ত্র দিয়ে কনসার্ট।
কোনো ড্রাম-গিটার থাকবে না। আনপ্লাগ্‌ড, একদম প্রাকৃতিক।
এ হবে চরম স্টান্ট!
এক সপ্তাহ পর
ROCK CONCERT
HELL
SOLD OUT
NO GUITAR, NO DRUM! NO BASS!
ALL NATURAL LIVE
আমি বাবু– আর এটা আমার গফুর মিয়া, ১২-তারের গিটার।
আমি হেলাল। এ আমার তুলা-ধুনা বেজ গিটার।
অ্যা.. আমাকে দিয়ে ড্রামের বদলে তোর কাপড় ধোয়াচ্ছিস নাকি?

# তুহিনের প্রতিশোধ



আজ তোকে পেয়েছি পামড় বাবু!
বারবার তুই আমায় অপমান করিস। তোর গার্লফ্রেন্ড আছে, আমার নেই। তোর নামে কার্টুন আছে–
তোর ব্যর্থতার জন্যে আমার ওপর চাকু চালাবি?
ব্যর্থতা? আমি রানাকে মারতে চেয়েছি আমার চেয়ে লম্বা বলে– তুই দিসনি। বলেছিস তাতে কী– আমি নাকি তোর চেয়ে লম্বা... পরে দেখলাম আমি আসলে খাটো...
এখন এর মূল্য দিতে হবে!
??
মোরগাটা ধর, এটা কাটব।
তোকে সাহায্য করব– মাথা খারাপ? এর চেয়ে আমাকে মার!

# মাউথ ওয়াশ


তা হলে তুই-ই বাবু? আমি মাহিন আর ও স্বপন। আমরা পাংক তুহিনের বড় ভাই!
তুই আমার ভাইকে বহু অপমান করেছিস। আজ এর মূল্য দিতে হবে।
এই নিন মূল্য পরিশোধ!
১০ টাকা? বাঃ!
টাকা দিলে হবে না। তুই আমাদের নামে বহু বাজে কথা বলেছিস। তোর মাউথ ওয়াশ করতে হবে!
বুদ্দুং!
ওফ!
এই জেল টুথপেস্টটা তোর গলা দিয়ে ঢুকিয়ে দেব। হাঃ হাঃ
Peps
গাব
গাব
গাব
?!?
না, আর টুথপেস্ট খাওয়াব না... না, এর সাথে লবণ আর পিঁয়াজও দেব না! লচ্চু!

# হাঁচি-আক্রমণ


ফ্যাৎ... আবার তুহিন!!
ফ্যাৎ... আমার খুব ঠান্ডা.. ফ্যাৎ .. আজ জ্বালাসনে!
তোর ঠাণ্ডা গরম করে দিচ্ছি। তুই আমার ভাইদের অপমান করেছিস!
ফ্যাৎ...আমি অসুস্থ! আমাকে এখন...
ফ্যাৎ... আজ জ্বালাসনে!
এহ এহ.. জানিস না মাইরের ভেতর ভিটামিন আছে...
হেইচ্চো!
ফ্যাৎ... আগেই সাবধান করেছিলাম!

# ম্যাটাডোর বাবু



# উলটো টর্চার


.. আবার শয়তানগুলো...
আজ তোদের পেয়েছি। হু হু হা হা
তোরা আমায় প্রতি রাতে যেভাবে জ্বালাস... আজ তোদের সেভাবে জ্বালাব!
দুম্বা চলে, দুম্বা চলে দুম! কাঁটা লাগা... হোয় হিপ হপার!!
TAKESON

# আবার জাদুর চেরাগ



অ্যা.. মনে হচ্ছে একটা জাদুর চেরাগ!
ফুরর!
আমাকে জঘন্য বড়লোক করে দাও।
অ্যা?
জঘন্য বড়লোক? উদ্ভট... তবে তাই-ই সই!
জানতাম এমন কিছু একটা হবে...
উঃ গন্ধে হাইজাকও করতে পারছি না!
ওয়াক!

# ম্যাচ



বাবু ঠ্যাং ভেঙেছে বলে খেলবে না মানে? ওর ঠ্যাং তো আমার ভাঙার কথা ছিল।
ও কমেন্টারি দিচ্ছে!
আজকের খেলা হচ্ছে মধুবাগ পাইরেটস এবং ভূতের গল্লি ক্লাবের ভেতর!!
10
6
7
ALLY
খেলা শুরু হয়েছে। দুর্ধর্ষ ও সুদর্শন ভূতের গল্লির স্ট্রাইকার অতুল দারুণ ছেলে নকিকে পাস দিয়েছে।
কুৎসিত পাইরেট রানা অবৈধভাবে বল নিয়ে দুর্বল ও বিশ্রী করে বলটা লাথি দিয়েছে– যা ছাগলও পারে!
?
10
মগজহীন পাইরেট মোখলেস তার নারকেলের মতো মাথা দিয়ে বল হেড করেছে। বুদ্ধিমান বাবলুকে অবৈধভাবে ধাক্কাও মেরেছে!
??
পিঁয়াজের গন্ধ মুখে নিয়ে পাইরেট গোলী শামসু অনৈতিকভাবে বলটা ধরে ফেলায় ভূতের গল্লির চমক বুলান্দ বৈধভাবে গোল করতে পারল না।
ধর! শয়তানটাকে খুন করব!
.. ভূতের গল্লি পাইরেটদের গোলপোস্টে হাজার হাজার গোল দিচ্ছে!
গোল! গোল! গোল!

# পাঞ্জেরী-র আরও কয়েকটি কমিক বই


































